দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 14 APR 20.3 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

# শিক্ষা অধিদপ্তরসহ অন্যান্য উচ্চ পদে বেসরকারী কলেজ শিক্ষকদের নিয়োগ দানের দাবী

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** শিক্ষা অধিদপ্তর, এনসিটিবি শিক্ষাবোর্ড এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তা পদে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বেসরকারী কলেজ শিক্ষকদের নিয়োগ দানের জন্য বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি-বাকশিস ও বাংলাদেশ অধ্যক্ষ পরিষদ বিপিসি সরকারের নিকট দাবী জানিয়েছে।

বাকশিসের প্রতিষ্ঠাতা মহাসম্পাদক প্রফেসর এম. শরীফুল ইসলাম এবং বিপিসি'র সাধারণ সম্পাদক প্রিন্সিপাল মোহাম্মদ মাজহারুল হান্নান এক বিবৃতিতে বলেন-উচ্চ শিক্ষার প্রায় ৮৯% বেসরকারী পর্যায়ে সম্পাদিত হওয়া সত্ত্বেও এ সমস্ত বেসরকারী কলেজের যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষকগণকে সরকারী কলেজের শিক্ষকগণের ন্যায় শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন সংস্থায় নিয়োগ দান করা হচ্ছে না। বেসরকারী কলেজ শিক্ষকদের প্রতি সরকারের এ ধরনের বৈষম্যমূলক ও বর্ণবাদী দৃষ্টিভঙ্গির তীব্র প্রতিবাদ জানান এবং যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে সরকারী ও বেসরকারী কলেজ শিক্ষকদের আনুপাতিক হারে শিক্ষা বিভাগের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিয়োগ দানের ব্যবস্থা নিশ্চিত করার জন্য সরকারের নিকট জোর দাবী পুনর্ব্যক্ত করেছেন।